৬৭৭

দৈনিক সংবাদ

তারিখ ...JAN. 4. 1999 ..
পৃষ্ঠা 2 কলাম ৪ ......

রাঃবিঃ বিভিন্ন পদে নির্বাচন

# ১৮টি পদের জন্য লড়ছেন ৩৫ জন

।। জাহাঙ্গীর আলম আকাশ ।।

রাজশাহী বিশ্ববিদ্যালয়, ৩রা জানুয়ারিঃ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ডিন, সিন্ডিকেট, শিক্ষা পরিষদ এবং পরিকল্পনা ও উন্নয়ন কমিটির ১৮টি সদস্যপদের নির্বাচন আগামীকাল ৪ঠা জানুয়ারি অনুষ্ঠিত হবে।

এবারের নির্বাচনে আওয়ামী লীগ ও বাম সমর্থিত শিক্ষকদের সমর্থিত হলুদ এবং বিএনপি ও জামাত সমর্থক শিক্ষকগোষ্ঠীর সাদা প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করছে।

দুটি প্যানেলে ১৮টি পদের জন্য মোট ৩৫ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। আইন অনুষদের ডিন পদে সাদা প্যানেলের কোন প্রার্থী নেই। এ পদে স্বতন্ত্র প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করছেন অধ্যাপক এম রবিউল হোসেন।

হলুদ প্যানেল থেকে প্রাধ্যক্ষ ক্যাটাগরির সিন্ডিকেট সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী প্রফেসর এম আবদুল হালিম জানান, "বিগত প্রায় একটি দশক ধরে বিশ্ববিদ্যালয়ে সীমাহীন অনিয়ম, দুর্নীতি ও সন্ত্রাসের রাজত্ব কায়েম হয়েছিল। শিক্ষা প্রতিষ্ঠানের মর্যাদা হয়েছিল ভূলুণ্ঠিত। এ বিশ্ববিদ্যালয় মৌলবাদ ও সাম্প্রদায়িকতার খপ্পড়ে পড়ে হারিয়ে ফেলেছিল তার মূল লক্ষ্য।

আমরা মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী শিক্ষকগণ সিন্ডিকেট, শিক্ষা পরিষদ, ডিন, পরিকল্পনা ও উন্নয়ন কমিটির বিভিন্ন পদে প্রার্থী হয়েছি।

সাদা প্যানেলের সমর্থক শিক্ষক অধ্যাপক এম আব্বাস আলী জানান, "একজন অনির্বাচিত উপাচার্য বিশ্ববিদ্যালয়ের এ্যাক্টকে লংঘন করে দীর্ঘ দু বছর ধরে উত্তরবঙ্গের এ বৃহৎ শিক্ষা প্রতিষ্ঠানে চরম প্রশাসনিক দুর্নীতি বিস্তার করে চলেছেন। প্রশাসনের নির্লজ্জ দলীয়করণ ও আত্মীকরণ এমন এক পর্যায়ে পৌছেছে যে, ছাত্র-শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীরাও এক ভীতিকর অবস্থায় নিপতিত।

সোমবার সকাল সাড়ে ৮টা থেকে দুপুর একটা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের জুবেরী ভবনে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

## সংঘর্ষ ও ভাঙচুর

গতকাল গভীর রাতে টেলিফোন করা নিয়ে তর্কাতর্কির ঘটনাকে কেন্দ্র করে শহীদ হবিবুর রহমান হলে সিরাজগঞ্জ জেলা ও চাঁপাইনবাবগঞ্জ জেলার ছাত্রদের মধ্যে ব্যাপক সংঘর্ষে ৫ জন আহত হয়। আহতদের ৩ জনকে বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল সেন্টারে ভর্তি করা হয়েছে। সংঘর্ষের সময় কয়েকটি কক্ষও ভাঙচুর করা হয়।